



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫০

২৭ নভেম্বর ২০২৪

তারিখ: -----

১২ অগ্রহায়ণ ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

## আমদানি দায় পরিশোধকালে বৈদেশিক মুদ্রার বিনিময় হারজনিত ক্ষতি প্রসঙ্গে

কোভিড-১৯ এর দীর্ঘমেয়াদী প্রভাব, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ এবং বিশ্ব অর্থনৈতিক মন্দাসহ বিবিধ কারণে বৈদেশিক মুদ্রার বিপরীতে টাকার মূল্যমান আকস্মিক উল্লেখযোগ্য হারে হ্রাস পাওয়ায় স্থানীয় উৎপাদনমুখী শিল্পসমূহ কাঁচামাল আমদানিকালে বিনিময় হারজনিত ক্ষতির সম্মুখীন হয়েছে। ফলশ্রুতিতে উক্ত প্রতিষ্ঠানসমূহের উৎপাদন সক্ষমতা হ্রাসসহ ফোর্সড লোন সৃষ্টি হচ্ছে এবং চলতি মূলধন ঘাটতি পরিলক্ষিত হচ্ছে।

২। বর্ণিত প্রেক্ষাপটে আমদানি নির্ভর শিল্পসমূহ যথা: স্টিল খাত, সিমেন্ট খাত এবং স্থানীয় যে সকল শিল্প প্রতিষ্ঠানের পণ্যের বিক্রয়মূল্য সরকার কর্তৃক নির্ধারিত সে সকল শিল্প প্রতিষ্ঠানের উৎপাদন সক্ষমতা অক্ষুণ্ন রাখার মাধ্যমে দেশের আর্থিক প্রবৃদ্ধি ও রপ্তানির গতিধারা অব্যাহত রাখার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা যাচ্ছে:

ক) শিল্প প্রতিষ্ঠানের কাঁচামাল আমদানির নিমিত্ত জানুয়ারি ২০২২ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত সময়ে স্থাপিত ইউজেন্স ঋণপত্রের (Deferred L/C, UPAS L/C) ক্ষেত্রে অপ্রত্যাশিত বিনিময় হারজনিত ক্ষতির মোট পরিমাণ সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক নির্ণয় করতে হবে;

খ) অপ্রত্যাশিত বিনিময় হারজনিত ক্ষতির মোট পরিমাণ = (ঋণপত্র পরিশোধের তারিখের বিনিময় হার - ঋণপত্র স্থাপনের তারিখের বিনিময় হার) X ৮০% X বৈদেশিক মুদ্রায় পরিশোধিতব্য অর্থের পরিমাণ;

গ) নির্ণীত ক্ষতির সমপরিমাণ অর্থ গ্রাহকের ঋণ-ঝুঁকি বিশ্লেষণপূর্বক ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে এবং উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চলতি মূলধন ঋণসীমার বাইরে পৃথক একটি মেয়াদী ঋণ হিসাবে স্থানান্তর করা যাবে যা সর্বোচ্চ ১ (এক) বছরের গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ৮ (আট) বছর মেয়াদে সম কিস্তিতে (মাসিক/ত্রৈমাসিক) পরিশোধযোগ্য হবে;

ঘ) একক গ্রাহক ঋণ সীমা (Single Borrower Exposure Limit) কোনক্রমেই অতিক্রম করা যাবে না;

ঙ) কোনো খেলাপী গ্রাহক প্রতিষ্ঠান বর্ণিত সুবিধা প্রাপ্য হবে না;

চ) এ সুবিধা গ্রহণের লক্ষ্যে গ্রাহক কর্তৃক ৩১ মার্চ ২০২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংক বরাবর আবেদন দাখিল করতে হবে;

ছ) গ্রাহক বৈদেশিক মুদ্রা বিনিময় হারজনিত কারণে প্রকৃত অর্থে ক্ষতিগ্রস্ত হয়েছে কি-না তা ব্যাংক কর্তৃক নিশ্চিত হতে হবে এবং এতদসংশ্লিষ্ট দলিলাদি বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন বিভাগ কর্তৃক যাচাইয়ের লক্ষ্যে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২